

সময়: ২ ঘণ্টা ১০ মিনিট

পূর্ণমান: ৬০

/সুষ্ঠুপত্র : সকল প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উকীলগুলো মনোযোগ দিয়ে পড়ে এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট হারাটি প্রশ্নের উত্তর দাও।/

১. ► ‘অহনা’ ফ্যাশন হাউজ ক্রেতাদের বুচি ও পছন্দমত শাড়ি, হ্রি-পিস, পাঞ্জাবি, বেডশিটসহ বৈচিত্র্যময় পণ্য বিক্রয় করে। এতে প্রতিষ্ঠানটি ক্রেতাদের প্রয়োজন ও অভাবের সন্তুষ্টি বিধান করে কাঞ্চিত মুনাফা অর্জন করতে সক্ষম হয়। উক্ত এলাকায় ‘অদম্য’ নামে আরেকটি স্বনামধন্য ফ্যাশন হাউজ ভোক্তাদের চাহিদা অনুসারে একই ধরনের পণ্য বিক্রয় করছে। প্রতিষ্ঠানটি পণ্য বিক্রয়ের ক্ষেত্রে উন্নত মানের আকর্ষণীয় কাগজের ব্যাগ ব্যবহার করে। এর মাধ্যমে প্রতিষ্ঠানটি সচেতন ক্রেতাদের নজর কাঢ়তে সক্ষম হয়েছে। ফলে প্রতিষ্ঠানটি বিক্রয় বৃদ্ধির পাশাপাশি প্রচুর মুনাফা অর্জনে সক্ষম হয়।

ক. বিক্রয় কী? ১

খ. ‘বিপণন হলো ভোক্তামুখী প্রক্রিয়া’ ব্যাখ্যা করো। ২

গ. ‘অহনা’ ফ্যাশন হাউজের কার্যক্রম বিপণনের ক্রমবিকাশের কোন যুগের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর ‘অদম্য’ ফ্যাশন হাউজের কার্যক্রম ‘অহনা’ ফ্যাশন হাউজের কার্যক্রমের তুলনায় উত্তম? বিপণনের ক্রমবিকাশের পর্যায় উল্লেক্ষণীয় মতামত দাও। ৪

২. ► জনাব সুজন ও জনাব রায়হান দুই বন্ধু মিলে তিন কোটি টাকা বিনিয়োগ করে ঢাকায় গার্মেন্টস এক্সেসরিজ এর ব্যবসায় শুরু করেন। পরবর্তীতে তারা ব্যবসায় সম্প্রসারণের জন্য আরো পাঁচ কোটি টাকা ব্যাংক খণ্ডের মাধ্যমে সংগ্রহ করেন। জনাব সুজন ঢাকায় বসবাস করলেও জনাব রায়হান সিঙ্গাপুরে বসবাস করেন। তবে মাঝে মাঝে জনাব রায়হান ইন্টারনেটে ভিডিও কনফারেন্স ও স্কাইপির মাধ্যমে জনাব সুজনের সাথে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করেন। এতে তাদের সিদ্ধান্ত গ্রহণ সহজ হয় এবং এর মাধ্যমে প্রতিষ্ঠানের কার্যক্রমে গতিশীলতা আসে।

ক. প্রতিযোগী কে? ১

খ. ‘ব্যাণ্ডিক পরিবেশ বিপণন কার্যক্রমকে প্রত্যক্ষভাবে প্রভাবিত করে’ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত দুই বন্ধুর ব্যবসায় সম্প্রসারণে কোন ধরনের জনগোষ্ঠী সাহায্য করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দুই বন্ধুর মাঝের দূরত্ব নিরসনে সামষ্টিক বিপণন পরিবেশের যে উপাদানটি ব্যবহৃত হয়েছে তার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৩. ► বেস্ট ইলেক্ট্রনিক্স কোম্পানি বিগত কয়েক বছর ধরে এক্সক্লুসিভ মডেলের ‘টাচ গোল্ড’ নামে মোবাইল ফোন বিপণন করে আসছে। কোম্পানিটি অত্যাধুনিক মোবাইল সেটটি ক্রেতাদের কাছে বিক্রয়ের জন্য দেশের বিভিন্ন অঞ্চলে পরিবেশক নিয়োগ দেয়। কিন্তু ক্রেতাদের তেমন কোন ধারণা না থাকায় ‘টাচ গোল্ড’ নামক মোবাইলটি বিক্রয়ে কাঞ্চিত লক্ষ্যে পৌছাতে পারেনি। এ কারণে কোম্পানিটির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চিন্তিত।

ক. বাজার কী? ১

খ. ‘বাজার বিভক্তিকরণের ভিত্তি পরিমাপযোগ্য হতে হবে’—ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানিটি যাদের নিকট পণ্য বিক্রয় করে তারা কোন বাজারের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. বেস্ট ইলেকট্রনিক্স কোম্পানির কাঞ্চিত বিক্রয় লক্ষ্যে পৌছাতে না পারার
কারণ বিপণন মিশ্রণের উপাদানের আলোকে বিশ্লেষণ করো। 8

৪. ► জনাব পাভেল ঢাকার শিশু পার্কের গেটে স্থানীয় ফ্যাট্টির থেকে বিভিন্ন
মূল্য ও মানের আইসক্রীম এনে নিজস্ব দোকানে বিক্রয় করেন। শীতকালে
আইসক্রীমের কোন চাহিদা না থাকায় তিনি চটপটি, খুচকা ও বিভিন্ন ধরনের
পিঠা বিক্রয় করেন। ফ্যাট্টির নির্ধারিত কোন মূল্য না থাকায় সকল ধরনের
আইসক্রীমের ক্ষেত্রে ২০% মুনাফা অর্জনের লক্ষ্যে মূল্য নির্ধারণ করেন। আবার
পিঠা ও অন্যান্য আইটেমের ক্ষেত্রে তিনি একই মূল্য নির্ধারণ পদ্ধতি অনুসরণ
করেন। এতে আর্থিকভাবে তিনি লাভবান হন।

ক. শিশু পণ্য কী? ১

খ. বাট্টা কীভাবে ক্রেতাদের পণ্য ক্রয়ে আগ্রহী করে তোলে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত পণ্যগুলো কোন ধরনের ভোগ্য পণ্য তা ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব পাভেলের বিক্রিত পণ্যের ক্ষেত্রে অনুসৃত মূল্য নির্ধারণ পদ্ধতি
বিশ্লেষণ করো। ৪

৫. ► ফেয়ার লি. তাদের উৎপাদিত বিভিন্ন পণ্যের পাশাপাশি বর্তমানে নতুন
পণ্য হিসেবে পিওর পানির বোতল বিপণন করার উদ্দেশ্যে প্রত্যেক জেলায়
একজন করে এজেন্ট নিয়োগ করে। শহর ও গ্রাম অঞ্চলের পাইকাররা
এজেন্টদের কাছ থেকে পিওর পানির বোতল ক্রয় করে খুচরা ব্যবসায়ীদের
নিকট বিক্রয় করে। কিন্তু বার বার হাত বদল এবং অসাধু ব্যবসায়ীদের দ্বারা
কৃতিম সংকট সৃষ্টির কারণে পণ্যের মূল্য বৃদ্ধি পায়। এতে ভোক্তারা পণ্য ক্রয়ে
নিরুৎসাহিত হয়। ফলে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চিন্তিত হয়ে পড়ে।

ক. কৃষি পণ্য কী? ১

খ. 'খুচরা ব্যবসায়ের মাধ্যমে চূড়ান্ত ভোক্তাদের নিকট পণ্য বিক্রয় করা হয়'
ব্যাখ্যা করো। ২

গ. উল্লিখিত উদ্দীপকে কোন ধরনের পণ্যের বল্টন প্রণালির কথা বলা হয়েছে
তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উচ্চত সমস্যা থেকে উভরণের ক্ষেত্রে ফেয়ার লি.-এর করণীয় কী বলে তুমি
মনে করো। যুক্তিসহ মতামত দাও। ৪

৬. ► জনাব সজল বিভিন্ন উৎপাদকের কাছ থেকে উন্নত মানের দেশি-বিদেশি
রকমারি পণ্যসামগ্রী সংগ্রহ করে ঢাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকায় 'সৌরভ
স্টোর' নামে ১০টি শাখার মাধ্যমে বিক্রয় করেন। এ বিপণির সকল শাখায়
একই বিক্রয় নীতি অনুসরণ করা হয়। বর্তমানে জনাব সজল 'রাজধানী সু' নামে
আন্তর্জাতিক মানের জুতা ও স্যান্ডেল প্রস্তুতকারী প্রতিষ্ঠান স্থাপনের সিদ্ধান্ত
নিয়েছেন। তাই কোম্পানি এ লক্ষ্যে দ্বীয় প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য বিক্রয়ের
জন্য দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ শহরগুলোতে নিজস্ব বিক্রয় শাখা খোলার উদ্যোগ
নিয়েছেন।

ক. পাইকারি ব্যবসায় কী? ১

খ. 'টেলি মাকেটিং হলো সরাসরি বিক্রয় ব্যবস্থা' ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'সৌরভ স্টোর' কোন ধরনের খুচরা ব্যবসায় তা ব্যাখ্যা
করো। ৩

ঘ. জনাব সজলের গৃহীত সিদ্ধান্তের (খুচরা ব্যবসায়ের ধরন উল্লেখপূর্বক)
যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৭. ► জুবলি ব্যাংক লি, তাদের সেবা সম্পর্কে গ্রাহকদের অবহিত করার জন্য টেলিভিশন ও সংবাদপত্রে নিয়মিতভাবে বিভিন্ন তথ্য প্রদান করে। সম্প্রতি 'জুবলি ব্যাংক লি' উত্তরাতে একটি নতুন শাখা উদ্বোধনের আয়োজন করে। এ বিষয়টি সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বিভিন্ন মিডিয়াকে অবহিত করা হয়। তাছাড়া এ অনুষ্ঠানে বিভিন্ন গণ্যমান্য ব্যক্তিদের আমন্ত্রণ জানানো হয়। পরবর্তীতে বিষয়টি সংবাদ আকারে উপস্থাপিত হওয়ায় গ্রাহকদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি হয়।

ক. প্রিমিয়াম কী? ১

খ. 'বহিঃ বিজ্ঞাপন উন্মুক্ত বিজ্ঞাপন' ব্যাখ্যা করো। ২

গ. 'জুবলি ব্যাংক লি.' নতুন শাখা উদ্বোধন উপলক্ষে কোন ধরনের প্রসারমূলক কার্যক্রম গ্রহণ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'জুবলি ব্যাংক লি.' কর্তৃক বাবহৃত বিজ্ঞাপন মাধ্যমের কার্যকারিতা মূল্যায়ন করো। ৪

৮. ► 'সিয়ার্স ইলেক্ট্রনিক' ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় তাদের স্টলে বিক্রয় কাজ পরিচালনার জন্য স্মার্ট ও সুস্বাস্থ্যের অধিকারী জনাব প্রবাল ও জনাব পল্লবের নিয়োগ দেয়। নিয়োগের পর প্রতিষ্ঠানটি সপ্তাহব্যাপী প্রশিক্ষণের মাধ্যমে তাদেরকে বিক্রয় কাজে পারদশী করে তোলে। ফলে মেলা শেষে তাদেরকে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হয়। জনাব প্রবাল ও জনাব পল্লবের বিক্রয় কাজে নৈপুণ্যতা প্রদর্শনের জন্য প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সতুর্ষ হয়ে তাদের চাকরি স্থায়ীকরণ করেন।

ক. বিজ্ঞাপন কী? ১

খ. 'বাস্তিক বিক্রয় হলো পণ্যের মৌখিক উপস্থাপনা' ব্যাখ্যা করো। ২

গ. সিয়ার্স বিক্রয়কর্মী নিয়োগের ক্ষেত্রে কোন ধরনের গুণাবলির উপর গুরুত্ব দেয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানিটির গৃহীত কৌশলের মাধ্যমে জনাব প্রবাল ও জনাব পল্লবের চাকরি স্থায়ীকরণের সিদ্ধান্তটি যৌক্তিক বলে তুমি মনে করো? যুক্তিসহ মতামত দাও। ৪

৯. ► মিসেস অর্পিতা নিজস্ব উদ্যোগে নকশীকাঁথা বিপণনের জন্য একটি ওয়েবসাইট চালু করেন। ক্রেতারা উক্ত ওয়েবসাইট থেকে নকশীকাঁথা পছন্দ করে অর্ডার দেন। সে অনুসারে তিনি ক্রেতাদেরকে দ্রুততার সাথে পণ্য সরবরাহের ব্যবস্থা করেন। ব্যবসায়িক সফলতায় উদ্বৃদ্ধ হয়ে এবং সকল শ্রেণির ক্রেতার সুবিধার্থে সম্প্রতি তিনি তাঁর তিন বন্ধুকে নিয়ে গুলশানে একটি বৃহদায়তন খুচরা বিপণি স্থাপন করেন। এখানে বিভিন্ন বিভাগের মাধ্যমে তিনি পণ্যসামগ্রী বিক্রয় করায় তার বিপণিতে ক্রেতাদের ভিড় লেগেই থাকে।

ক. গ্রিন মার্কেটিং কী? ১

খ. 'পরিকল্পিত বিপণিকেন্দ্রে কেনাকাটার অত্যাধুনিক সুযোগ-সুবিধা বিদ্যমান'- ব্যাখ্যা করো। ২

গ. মিসেস অর্পিতা পণ্য বিক্রয়ের ক্ষেত্রে প্রত্যক্ষ বিপণনের কোন পন্থাটি অবলম্বন করেছেন তা ব্যাখ্যা করো। ৩

ঘ. মিসেস অর্পিতা ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে নতুন যে বিপণি প্রতিষ্ঠা করেছেন তা কতটুকু যৌক্তিক? এ বিষয়ে তোমার মতামত ব্যক্ত করো। ৪

সময় : ৮০ মিনিট

বিষয় প্রশ্নসমূহটি সম্মতভাবে উত্তর দেওয়া হলে অর্থ ব্যবস্থাপনা ও বিপণন পত্র প্রক্রিয়া হত। স্টেশন এবং টেলিভিশনে উত্তর দেওয়া সম্পর্ক জুড়ে আসা হবে।

১. মার্কেটিং ক্রেতাদের জন্য কী সৃষ্টি করে?
 - (ক) দ্রব্য
 - (খ) সেবা
 - (গ) ভ্যালু
 - (ঘ) ব্যয়
২. পণ্য পাওয়ার ইচ্ছা, সামর্থ্য ও অর্থ ব্যয়ের কর্তৃত্বকে কী বলে?
 - (ক) প্রয়োজন
 - (খ) অভাব
 - (গ) ভ্যালু
 - (ঘ) চাহিদা
৩. সরকার কর্তৃত প্রবর্তিত আইন কোন ধরনের সামষ্টিক বিপণন পরিবেশের উপাদান?
 - (ক) প্রযুক্তিগত
 - (খ) রাজনৈতিক
 - (গ) অর্থনৈতিক
 - (ঘ) জনসংখ্যাগত

উচ্চীপক্ষটি পঢ়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:

মিসেস লাহিমা 'লাহিমা ফ্যাশন হাউজের' স্বত্ত্বাধিকারী। তিনি প্রতিনিয়ত নতুন নতুন ডিজাইনের পোশাক সংগ্রহ করে বিক্রয় করেন। তিনি সব সময় ক্রেতাদের পরিবর্তিত চাহিদার প্রতিও দৃষ্টি রাখেন। বর্তমানে পরিবেশবান্ধব পণ্য প্রদানের পাশাপাশি ক্রেতাদের সাথে সুসম্পর্ক সৃষ্টি ও বজায় রাখার উদ্দেশ্যে তিনি ফেসবুক ও এসএমএস ব্যবহার করেন। এতে অল্প সময়ে তার ফ্যাশন হাউজটি প্রত্যাশিত টাগেটি পুরণে সক্ষম হয়।

৪. উচ্চীপক্ষকে মিসেস লাহিমার কার্যক্রমে বিপণনের কোন ধরনের বৈশিষ্ট্যের সাদৃশ্য রয়েছে?
 - (ক) গতিশীল প্রক্রিয়া
 - (খ) সমরিত প্রক্রিয়া
 - (গ) উৎপাদন প্রক্রিয়া
 - (ঘ) বস্টন প্রক্রিয়া

৫. 'লাহিমা ফ্যাশন হাউজের' সাফল্যের কারণ হলো—

- i. আক্রমণাত্মক প্রমোশন
 - ii. যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন
 - iii. সমাজের কল্যাণ সাধন
- নিচের কোনটি সঠিক?
- (ক) i ও ii
 - (খ) i ও iii
 - (গ) ii ও iii
 - (ঘ) i, ii ও iii

৬. বিপণন কার্যাবলির অন্তর্ভুক্ত হলো—

- i. উৎপাদন ও মজুদ
 - ii. ক্রয় ও বিক্রয়
 - iii. পরিবহন ও গুদামজাতকরণ
- নিচের কোনটি সঠিক?
- (ক) i ও ii
 - (খ) i ও iii
 - (গ) ii ও iii
 - (ঘ) i, ii ও iii

৭. রীমা ফার্মাসিউটিক্যাল লি. উৎবন্ধ উৎপাদন ও বিপণনের ক্ষেত্রে যতটা না উৎবন্ধের গুণগতমান ও কার্যকরিতার উপর গুরুত্বারোপ করে তার চেয়ে বেশি আক্রমণাত্মক প্রমোশন কৌশলের উপর নির্ভর করে। রীমা ফার্মাসিউটিক্যালস লি. কর্তৃক অনসত বিপণন ক্রমবিকাশের কোন যুগের কার্যক্রমকে ইঙ্গিত করে—

- i. বিনিয়য়
 - ii. বিক্রয়
 - iii. মার্কেটিং
- নিচের কোনটি সঠিক?
- (ক) i
 - (খ) ii
 - (গ) iii
 - (ঘ) i ও ii

৮. কোন ধরনের পরিবেশ পণ্য বিপণনে অসীম সুযোগ সৃষ্টি করে?

- (ক) প্রাকৃতিক
- (খ) সাংস্কৃতিক
- (গ) প্রযুক্তি
- (ঘ) রাজনৈতিক

৯. ব্যক্তিক পরিবেশের উপাদান হলো—

- i. কোম্পানি
 - ii. জনগোষ্ঠী
 - iii. প্রতিযোগী
- নিচের কোনটি সঠিক?
- (ক) i ও ii
 - (খ) i ও iii
 - (গ) ii ও iii
 - (ঘ) i, ii ও iii

১০. বিপণনের কোন কাজ উত্তমভাবে সম্পাদিত হলে তাকে বিক্রয়ের অর্থেক বলে?

- (ক) ক্রয়
- (খ) পরিবহন
- (গ) গুদামজাতকরণ
- (ঘ) বিজ্ঞাপন

১১. প্রযোজন করে বিপণনের কোনটি সঠিক?

- i. শারীরিক কাজ
- ii. মানসিক কাজ

নিচের কোনটি সঠিক?

- (ক) i : (খ) ii
- (গ) iii
- (ঘ) i ও ii

১২. বিজ্ঞাপন হলো—

- i. অর্থ প্রদত্ত মাধ্যমে পণ্যের উপস্থাপন

ii. পণ্যের নৈর্বাত্তিক উপস্থাপন

- iii. পৃষ্ঠাপোষকতা প্রদান

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
- (খ) i ও iii
- (গ) ii ও iii
- (ঘ) i, ii ও iii

১৩. নিচের কোনটি শিল্পবাজার বিভক্তিকরণের ভিত্তি?

- (ক) আয়
- (খ) ধর্ম
- (গ) পেশা
- (ঘ) প্রযুক্তি

উচ্চীপক্ষটি পঢ়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:

জনাব শিহাব একজন প্রাইভেট কার বিক্রেতা। তিনি ভোকাদের বৈশিষ্ট্য মূল্যায়নের মাধ্যমে দেখছেন যে ঢাকা ও চট্টগ্রামের লোকদের ক্রয়ক্ষমতা বেশি। এর ওপর ভিত্তি করে তিনি ঢাকা ও চট্টগ্রামে প্রাইভেট কারের শো-রুম স্থাপন করেছেন এবং ব্যাপক সাড়া পেয়েছেন।

১৪. উচ্চীপক্ষটি উচ্চীপক্ষকের জনাব শিহাব বাজার বিভক্তিকরণের কোন চলকটি ব্যবহার করেছেন?

- (ক) শিক্ষা
- (খ) আয়
- (গ) ঘনত্ব
- (ঘ) পেশা

১৫. জনাব শিহাবের ব্যবসায় ক্ষেত্রে সাফল্যের কারণ হলো—

- i. বাজার জরিপ

ii. বাজার বিভক্তিকরণ

- iii. গণ বাজারজাতকরণ

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
- (খ) i ও iii
- (গ) ii ও iii
- (ঘ) i, ii ও iii

১৬. কাদেরকে বিপণন মিশ্রণের ক্ষেত্রবিদ্যুতে রাখা হয়?

- (ক) রপ্তানিকারক
- (খ) উৎপাদক

- (গ) পাইকার
- (ঘ) ভোক্তা

উচ্চীপক্ষটি পঢ়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:

বাংলাদেশ চীনের তৈরি ট্রায়েল ব্যাগের ব্যাপক চাহিদা রয়েছে। এ কারণে জনাব ফজল আমদানিকারকদের নিকট থেকে বিভিন্ন ডিজাইনের ট্রায়েল ব্যাগ সংগ্রহ করে খুচরা ব্যবসায়ীদের নিকট বিক্রয় করেন। এ সকল ব্যাগ ক্রয় করে ভোক্তারা সন্তুষ্ট। ফলে জনাব ফজল ব্যবসায় সাফল্য অর্জন করেন।

১৭. উচ্চীপক্ষের উচ্চীপক্ষিত পণ্যটি কোন ধরনের ভোগ্য পণ্য?

- (ক) সবিধা
- (খ) শপিং

- (গ) বিশিষ্ট
- (ঘ) অযাচিত

১৮. জনাব ফজলের সাফল্যের কারণ হলো—

- i. ভোক্তাদের চাহিদা পূরণ

ii. বিক্রয়ের সেবা প্রদান

- iii. বস্টন ব্যবস্থার উন্নয়ন

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
- (খ) i ও iii
- (গ) ii ও iii
- (ঘ) i, ii ও iii

১৯. বনিক মধ্যস্থব্যবসায়ী হলো—

- (ক) পাইকার ও খুচরা ব্যবসায়ী

- (খ) উৎপাদনকারীর প্রতিনিধি ও বিক্রয় প্রতিনিধি

- (গ) দালাল ও ফড়িয়া

- (ঘ) ব্যাংক ও বিমা কোম্পানি

২০. মূল্য নির্ধারণের উদ্দেশ্য হলো—

- i. পণ্যের আকর্ষণ্যতা বৃদ্ধি

- ii. নগদ প্রবাদ নিশ্চিতকরণ

- iii. প্রতিযোগিতায় টিকে থাকা

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
- (খ) ii ও iii
- (গ) i ও iii
- (ঘ) i, ii ও iii

২১. বল্টন প্রগাণিতে পাইকারের পরে কে অবস্থান করে?

- ভোক্তা
- এজেন্ট
- উৎপাদক
- খুচরা ব্যবসায়ী
- ডেণ্ড পণ্যের বিপণন বৈশিষ্ট্য কোনটি?
- চুক্তিভিত্তিক ক্রয়
- অনমনীয় চাহিদা
- জাতৰ্যা বাজার
- দীর্ঘ বল্টন প্রগাণি

২৩. পাইকারি ব্যবসায়ের অন্তর্ভুক্ত হলো—

- i. ড্রপ শিপারস
- ii. র্যাক জৰারস
- iii. ক্যাটাগরি কিলার

নিচের কোনটি সঠিক?

- i ও ii
- ii ও iii
- i ও iii
- i, ii ও iii

উচ্চীপক্টি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:

জনাব সিহানু যশোর থেকে রাজনীগৰ্ভা ফুল সংগ্রহ করে ঢাকার শাহবাগে সরবরাহ করেন। সম্প্রতি দৌলতদিয়া পাটুরিয়া ঘাটে তীব্র যানজটের কারণে রাজনীগৰ্ভা ফুল বোঝাই ট্রাক পার হতে বিলম্ব হয়। এতে সময়মতো সরবরাহ দিতে না পারায় এবার প্রচুর ফুল নষ্ট হয়। ফলে জনাব সিহানু ব্যাপক লোকসানের সম্মুখীন হন।

২৪. সম্প্রতি জনাব সিহানু কোন ধরনের প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছেন?

- বৃপ্তগত
- ব্রতগত
- সময়গত
- স্থানগত

২৫. জনাব সিহানু আর্থিক ক্ষতি হ্রাসে করণীয় হলো—

- i. হিমাগার সম্পত্তি পরিবহন ব্যবস্থা
- ii. পর্যায়িতকরণের ব্যবস্থা
- iii. বিকল্প পথে পণ্য পৌছানো

নিচের কোনটি সঠিক?

- i ও ii
- i ও iii
- ii ও iii
- i, ii ও iii

২৬. পণ্যের জীবন চক্রের কোন স্তরে বিক্রয় সবচেয়ে বেশি?

- পণ্য উন্নয়ন
- সুচনা
- প্রক্রিয়া
- পূর্ণতা

উচ্চীপক্টি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:

‘ইন্টারন্যাশনাল মেশিনারি কোম্পানি’ সেচ পার্মসহ কৃতিকাজে ব্যবহৃত বিভিন্ন ক্ষুদ্র যন্ত্রপাতি বিপণন করে। বাজারে সমজাতীয় বিভিন্ন ব্র্যান্ডের পণ্য থাকায় তারা তাদের পুণ্যের কাছিতি বিক্রয়ের জন্য বিভিন্ন গুণ মাধ্যমে প্রচারের ব্যবস্থা করে। এর ফলে ব্যবসায়ে সাফল্য আসে।

২৭. উচ্চীপক্টি উল্লিখিত পণ্যের জন্য কোন ধরনের বিজ্ঞাপন মাধ্যম সবচেয়ে উপযোগী?

- বেতার ও টেলিভিশন
- সংবাদপত্র সাময়িকী
- লিফলেট ও ব্যানার
- চলচ্চিত্র ও নিয়ম সাইন

২৮. উচ্চীপক্টি উল্লিখিত পণ্য প্রচার করে ‘ইন্টারন্যাশনাল মেশিনারি কোম্পানি’ যে সুবিধা পায় তা হলো—

- i. কৃষি যন্ত্রপাতির পরিচিতি বৃদ্ধি
- ii. বিক্রয় ও মুনাফা বৃদ্ধি
- iii. উৎপাদন ব্যয় হ্রাস

নিচের কোনটি সঠিক?

- i ও ii
- i ও iii
- ii ও iii
- i, ii ও iii

২৯. জনাব নয়নের বিপণনকৃত মিমি চকলেট প্রতিনিয়ত প্রতিক্রিয়া ও টেলিভিশনের মাধ্যমে ক্রেতাদেরকে আকৃষ্ট করে। সম্প্রতি তিনি মিমি ও চকলেটের বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে একদিনের অন্য স্কুলের শিক্ষার্থীদের বিনামূলে বিতরণ করে। জনাব নয়নের মিমি ও চকলেট বিক্রয়ের জন্য প্রসারামূলক কৌশল হলো—

- i. বিজ্ঞাপন
- ii. ব্যক্তিক বিক্রয়
- iii. বিক্রয় প্রসার

নিচের কোনটি সঠিক?

- i ও ii
- i ও iii
- ii ও iii
- i, ii ও iii

৩০. বিজ্ঞাপন কোন ধরনের প্রতিবন্ধকতা দূর করে?

- সময়গত
- ব্রতগত

- বৃক্ষিগত
- জ্ঞানগত

৩১. বিপণনকারী কর্তৃক ভোক্তাদেরকে প্রদত্ত বিশেষ ধরনের প্রতিশ্রুতি সম্বলিত রশিদকে কী বলে?

- উপহার
- পুশ মানি

- কুপন
- প্রিমিয়াম

৩২. নিচের কোনটি অবুরি পণ্য?

- টিভি
- ফ্রিজ
- গাড়ি
- ঔষধ

৩৩. বাংলাদেশে বিপণন পরিবেশের সবল দিক হলো—

- i. সন্তার শ্রম প্রাপ্তি
- ii. কর অবকাশ

- iii. মূলধনের প্রাপ্তি

নিচের কোনটি সঠিক?

- i ও ii
- ii ও iii
- i ও iii
- i, ii ও iii

উচ্চীপক্টি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:

মিসেস মারিয়া স্বপ্নরিবারে কেনাকাটার জন্য ফার্মাচিউ শপিং কমপ্লেক্সের এ যান। শপিং কমপ্লেক্সটি অভ্যাধুনিক সুযোগ-সুবিধাসম্পন্ন হওয়ায় এবং একই ধরনের পণ্যের দোকানের অবস্থান পাশাপাশি হওয়ায় তারা খুব সহজেই পছন্দের পণ্যগুলো কেনাকাটার কাজ শেষ করেন। সেখানে বাচ্চারা কিছুক্ষণ খেলাধুলা করে খুব আনন্দ করে। অতপর ফুড জোনে খাবার সেবে সিনে কমপ্লেক্সের খুব পছন্দের একটি হবি উপভোগ করেন। এভাবে সারাদিন আনন্দ বিনোদনে কাটাতে পেরে পরিবারের সবাই খুশি।

৩৪. ফার্মাচিউ শপিং কমপ্লেক্স কোন ধরনের বিপণন অন্তর্ভুক্ত?

- চেইন স্টোর
- সুপার মার্কেট

- বিডালীয় বিপণি
- পরিকল্পিত বিপণি কেন্দ্র

৩৫. ফার্মাচিউ শপিং কমপ্লেক্স-এ কেনাকাটায় সুবিধা হলো—

- i. মনোরম পরিবেশ
- ii. উন্নত গ্রাহক সেবা

নিচের কোনটি সঠিক?

- i ও ii
- i ও iii
- ii ও iii
- i, ii ও iii

৩৬. বিক্রয়কারীর নেতৃত্ব গুণাবলি হলো—

- i. সততা
- ii. বিষ্ণুতা

- iii. আন্তরিকতা

নিচের কোনটি সঠিক?

- i ও ii
- i ও iii
- ii ও iii
- i, ii ও iii

৩৭. বর্তমানে বাণিজ্যিক ব্যাংকগুলো তাদের ক্রেডিট কার্ড ডিভিশনে শিক্ষিত ও স্মার্ট তরুণ-তরুণীদের নিয়োগ করছে। এরা সম্ভাব্য গ্রাহকদের সাথে টেলিফোনে ও ব্যক্তিগত পর্যায়ে যোগাযোগ করে ক্রেডিট কার্ড ব্যবহাকারীদের সংখ্যা বৃদ্ধি করছে। উচ্চীপক্টের কোন ধরনের প্রসারামূলক কাজের কথা বলা হয়েছে?

- বিজ্ঞাপন
- ব্যক্তিক বিক্রয়
- প্রচার

৩৮. ভোক্তামুরী বিক্রয় কৌশল হলো—

- i. কুপন
- ii. পুশমানি

- iii. মূল্যছাড়

নিচের কোনটি সঠিক?

- i ও ii
- i ও iii
- ii ও iii
- i, ii ও iii

৩৯. ৩R এর পূর্ণবৃক্ষ কী?

- Reduce, Re-use, Rest

- Reduce, Race, Re-cycle

- Reduce, Re-use, Re-cycle

- Race, Re-use, Re-cycle

৪০. প্রিন মাকেটিং-এর মূল বিষয় হলো—

- i. পণ্যের সুষ্ঠু বল্টন
- ii. টেকসই বিপণন

- iii. পরিবেশবান্ধব পণ্য বিপণন

নিচের কোনটি সঠিক?

- i ও ii
- ii ও iii
- i ও iii
- i, ii ও iii

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	৩২	৩৩	৩৪	৩৫	৩৬	৩৭	৩৮	৩৯	৪০